

প্রেস রিলিজ
১৯ এপ্রিল ২০২৫

বাউবি খুলনা আঞ্চলিক কেন্দ্রে "শিক্ষার্থী সেবা সহজীকরণ ও সেবার গুণগত মান নিশ্চিতকরণ" কর্মশালা অনুষ্ঠিত:



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত "শিক্ষার্থী সেবা সহজীকরণ ও সেবার গুণগত মান নিশ্চিতকরণ" (১ম ব্যাচ) বিষয়ক এক কর্মশালা আজ ১৯ এপ্রিল ২০২৫ তারিখ শনিবার বিশ্ববিদ্যালয়ের খুলনা আঞ্চলিক কেন্দ্রের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। বাউবির উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত কর্মশালায় বর্তমানে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী সেবাসমূহ চিহ্নিতকরণ, সেবা প্রদানের চ্যালেঞ্জসমূহ শনাক্তকরণ, সেবা সহজীকরণের উপায় অনুসন্ধান ও সেবার গুণগত মান নিশ্চিতকরণ বিষয়ে কর্মশালায় আলোচনা করা। কর্মশালায় প্রধান অতিথি ও মুখ্য আলোচক ছিলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। তিনি প্রোগ্রামভিত্তিক শিক্ষার্থী সেবার বাস্তবতা, বাউবি'র চাহিদা ও করণীয় বিষয়ে তাঁর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বাউবির বর্তমান কর্তৃপক্ষ শিক্ষার্থীর সেবা প্রদানের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করে যাচ্ছেন।

কর্মশালায় বিশেষ অতিথি ও আলোচক ছিলেন, আইকিউএসির অতিরিক্ত পরিচালক খান মোঃ মনোয়ারুল ইসলাম। তিনি তাঁর বক্তব্যে বলেন, শিক্ষার্থীদের সেবা সহজীকরণ ও সেবার গুণগতমান নিশ্চিতকরণের জন্য আমাদেরকে আরো সচেতন থাকতে হবে। সেবা গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের সাথে সুন্দর ও সৌহার্দ্যপূর্ণ আচরণ এবং তাদের কাঙ্ক্ষিত সেবার গুণগত মান নিশ্চিতকরণ বিষয়ে সর্বাত্মে গুরুত্ব দিতে হবে এবং তা বাস্তবায়নে সকলকে দেশের ও জাতির কল্যাণে ঐক্যবদ্ধভাবে কার্যকর ভূমিকা রাখার জন্য তাঁর পরামর্শ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিশ্ববিদ্যালয়ের খুলনা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক বিষুপদ ভৌমিক। খুলনা আঞ্চলিক কেন্দ্র এবং আঞ্চলিক কেন্দ্রাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের ২৭ জন কর্মকর্তা ও কর্মচারী এ কর্মশালায় অংশগ্রহণ করেন।



মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮